# LAND DEED

## OF

## AVA RANI CHTTERJEE

INDIA NON JUDICIAL

২০০রু. Rs 200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES

... under Rule 21 and also Section ... of W. B. L. R. Act ~~Nonagricultural Tenancy Act~~ duly Stamped ~~is exempted from or does not require Stamp duty~~ under the India Stamp Act 1899 & also as amended by W. B. Stamp Amendment Act XVII of 1964.

... No. ...

FEES PAID

Sub-Registrar of Alipore at Alipore
Dist. 24 Parganas.

সাফ বিক্রয় কোবালা মূল্য ৭০০০ টাকা মাত্র ।

কোবালা গ্রহীতা ঃ - শ্রীমতি শান্তিরানী চ্যাটার্জি, স্বামী শ্রী পাঁচকড়ি চ্যাটার্জি,
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাং ৫ পঞ্চাননতলা রোড,
পশ্চিম পুটিয়ারী, থানা বেহালা, জেলা ২৪ পরগণা,
কলিকাতা - ৪১ ।

কোবালা দাতা ঃ - শ্রী সর্বেন্দু বন্দ্যোপাধ্যায়, পিতা ৺মাধব চন্দ্র বন্দ্যোপাধ্যায়,
জাতি হিন্দু, পেশা ব্যবসা আদি, সাং ৩৬সি, বুন্দেল রোড,
থানা বালিগঞ্জ, জেলা ২৪ পরগণা, কলিকাতা - ১৯ ।

অস্য বাংলা মাপের কমবেশ /৩।/৩৫ তিন কাঠা ছয় ছটাক পঁয়ত্রিশ -
স্কোয়ার ফিট, বাস্তু জাতি জমি যায় সর্ব প্রকার গমনা গমনের সুযোগ সুবিধা সহ

৫০রু. भारत INDIA FIFTY RUPEES 50RS.



সহ ও সর্ব প্রকার ও যাবতীয় ইজমেন্ট স্বত্ব ও বর্জ্জ স্বত্বাদির নিঃস্বত্বীয় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ -

জেলা ২৪ পরগণা, থানা বেহালা, সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর এলেকাধিন জেলা ২৪ পরগণা কালেকটারির ২৩৯নং তৌজি ভুক্ত পরগণা মাগুরা মৌজা হরিদেবপুর, জেঃ এলঃ নম্বর ২৫, রেঃ সাঃ নম্বর ৩৫ উক্ত মৌজার গত জিলা জরিপের ৪৯১নং খতিয়ান লিখিত ৮নং দাগের অন্তর্গত জমি অত্র কোবালা দাতা আমি ও আমার অপর শরিকগণের পৈত্রিক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত সম্পত্তি থাকে উহাতে আমরা সকল শরিকে একত্রে এজমালে ও অবিভক্ত অংশে স্বত্ববান দখলিকার থাকা কালিন আমাদের নিজেদের হিতার্থে ও সুবিধার্থে আমাদের অপর শরিক যোগিনাথ ব্যানার্জি মহাশয় অত্র আলিপুর ২য় এ্যাঃ সবজজ যাহা হাল ৩ষ্ঠ সবজজ আদালত হইতেছে উক্ত সবজজ আদালতে ১০।৫১নং এক - দেওয়ানী পার্টিসন মোকদ্দমা দায়ের করেন। উক্ত মোকদ্দমা বিচারে প্রিলিমি

প্রিলিমিনারী ডিক্রী সিদ্ধ, করতঃ উহা ফাইনাল ডিক্রী করিয়া উক্ত ফাইনাল ডিক্রী জারিতে দিয়া ২৬।৬৭ দেওয়ানী জারির দ্বারা আমাদের প্রত্যেকের অংশ পৃথক করিয়া দিয়া কমিশনার বাবুর দ্বারা পৃথক পৃথক ভাবে দখল লইয়া লই। উক্ত পার্টিশন মতে উপরোক্ত ৪৯১নং খতিয়ান লিখিত ৮নং দাগের জমির মধ্যে আমার ১০৬ অংশে ১।০ ,৭৩১ স্কোয়ার ফিট জমি আমার অংশে পড়িয়াছে ও যাহা বর্তমানে আমার খাস ও স্বত্ব দখলে আছে এবং যাহাতে আমি পৃথক ভাবে জারির দ্বারা রীতিমত খাস দখল লইয়া নিজ খাসে সুত্ববান ও দখলিকার আছি। এইরূপে উক্ত সম্পত্তি আমার বর্তমান বাসস্থান হইতে দেখা -শুনা করা বা পরিচালনা করা একারু অসম্ভব বিধায় উক্ত ১।০,৭৩১ স্কোয়ার ফিট জমি ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া গমনা গমনের সর্ব প্রকার সুযোগ সুবিধা -

সুবিধা সহ বিক্রয় ঘোষণা করিলে আপনি উহার মধ্য হইতে অত্র সাথ দাখিলী নকসার লাল রংয়ের বর্ডার দ্বারা চিহ্নিত ও সীমাবদ্ধ, বাংলা মাপের কমবেশ ১৩।৩৫ স্কোয়ার ফিট জমি বেলমোক্তা ৭০০০ সাত হাজার টাকা মাত্র মূল্যে খরিদের প্রস্তাব করিলে আমি উহার বর্তমান সর্বোচ্চ বাজার মূল্য জ্ঞাত হইয়া উক্ত সম্পত্তি বেলমোক্তা ৭০০০ সাত হাজার টাকা মূল্যে আপনার সহিত বিক্রয় সাব্যস্ত পূর্বক অদ্য তারিখে পণের যাবতীয় টাকা নিম্ন রায় মোতাবেক আপনার নিকট হইতে একুনাদিন নগদ বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহা অত্র সাথ দাখিলী নকসায় লাল রংয়ের বর্ডার দ্বারা চিহ্নিত ও সীমাবদ্ধ, হইল উক্ত সম্পত্তি বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সীমানা সরহদ্দ পূর্বক আপনাকে খাস দখল দিয়া উহার দখল আপনার অনুকূলে পরিত্যাগ পূর্বক চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম । নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব,স্বামিত্ব,দখল,অধিকার,হক,হকিয়ৎ আদি ছিল বা আছে তাহা অত্র সাফ বিক্রয় কোবালা বলে চিরকালের জন্য ধ্বংস ও বিলুপ্ত হইয়া আপনাতে বর্তাইল আপনি অদ্যকার তারিখ হইতে উক্ত বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলকার হইয়া মালিক সরকারে ও স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পতন পূর্বক যথাযথ কর ও ট্যাক্সাদি আদায়ে দান,বিক্রয়, রেহি,বন্ধকাদি প্রভৃতি সর্ব প্রকার হস্তান্তর,রূপান্তর ও অবস্থান্তরাদির ক্ষমতা যুক্তে – পুত্র পৌত্রাদি ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে যদৃচ্ছা মত ভোগ-

ভোগ দখল ও ব্যবহার করিতে থাকুন তাহাতে আমি বা আমার ওয়ারেশানগণ ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কোনদিন কোনরূপ ওজর আপত্তি করিতে বা বাধা দিতে পারিবে না বা পারিব না দিলেও তাহা সর্বত্র সর্বাদালতে নামঞ্জুর ও বাতিল গণ্যে অত্র কোবালা বলবৎ থাকিবে ।

একণে প্রচার,প্রকাশ ও অঙ্গীকার করিতেছি যে,নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্বে আর কোথাও বা কাহারও সহিত বিক্রয় জন্য কোন চুক্তি পত্রাদি করি নাই বা বায়না বাবদ কোন টাকা লই নাই বা মৌখিক কাহাকেও কোন কথা দিই নাই বা আমি কাহারও বেনামদার নহি বা এই সম্পত্তি কোন বেনামি সম্পত্তি নহে বা মালিক কর্তৃক বাকী করের দায়ে কোনরূপ নিলাম বিক্রয় হয় নাই বা কোনরূপ ক্রোকাবদ্ধ, নাই বা ইহার বিরুদ্ধে, কোন নালিশ মোকদ্দমা দায়ের নাই বা আদালত কর্তৃক কোনরূপ নিষেধাজ্ঞা জারি নাই বা কাহারও জামিনাতে আবদ্ধ, নাই বা আমি কাহারও জামিনদার নহি বা এই সম্পত্তি কোনরূপ দেবোত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে বা এই সম্পত্তি কোনরূপ দেব সেবায় অর্পিত হয় নাই বা দেব সেবার জন্য অথবা কাহারও খোরপোষের দায়ে আবদ্ধ, বা লিয়েন বা চার্জ নাই অথবা দান,বিক্রয়,বোধ,বন্ধকাদির দ্বারা কোনরূপ আবদ্ধ, নাই বা সরকার বাহাদুর কর্তৃক পাবলিক প্রতিষ্ঠানের জন্য বা অন্য কোন কারণে একুইজিশান বা রিকুইজিশান হয় নাই অথবা ঐ সংক্রান্ত নোটিশাদি অদ্যাবধি আমার উপর জারি হয় নাই । এই সম্পত্তি সম্পূর্ণ নির্দায় নির্দোষ অবস্থায় বিক্রয় যোগ্য -

যোগ্য উত্তম স্বত্বে আমার খাসে ও স্বত্ব দখলে আছে তদ্রুপ অবস্থায় আপনাকে বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম । আপনি আমার কথার উপর সম্পূর্ণ বিশ্বাস স্থাপন করিয়া কোন দলিলাদি ও কাগজাতাদি অনুসন্ধান না করিয়া খরিদ করিলেন । আমার উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোন উক্তি বা তাহার কোন অংশ মিথ্যা বা তঞ্চকী প্রমাণিত হইয়া আপনার স্বত্ব দখলের কোনরূপ হানি হবে এবং তদবাবদ যদি আপনার কোনরূপ ক্ষতি বা খেসারত হয় তবে আমি সর্ব প্রকার দায়িক আইন আমলে আসিব এবং তাহাতে আপনার যাহা কিছু ক্ষতি বা খেসারত হইবে উহা প্রচলিত সুদ সহ উত্তরাধিকারীগণ ও সমুদয় পূরণ করিতে বাধ্য থাকিলাম ও দিব । আমার অবর্তমানে আমার উত্তরাধিকারী - গণ বাধ্য থাকিবে ।

আমার বিক্রীত সম্পত্তি সম্বন্ধীয় আরও অন্যান্য সম্পত্তি থাকায় উহার কাগজাদি আপনাকে দেওয়া গেল না তবে আপনার তলব মতে আপনাকে দেখাইতে ও আপনার খরচায় সাক্ষী স্বরূপ আদালতাদিতে দাখিল করিতে বাধ্য - থাকিলাম ।

আপনার স্বত্বাদি আরও অধিকতর দৃঢ় করণের জন্য বা লেখকের ত্রুটী বিচ্যুতির জন্য যদি অত্র দলিলের পোষকতায় কোন সংশোধিত দলিল করিয়া দিবার প্রয়োজন হয় তবে বিনা পণে আপনার খরচায় উক্ত সংশোধিত দলিল ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্তগণক্রমে করিয়া দিতে বাধ্য থাকিলাম এবং উক্ত

উক্ত সংশোধিত দলিল পত্র মূল দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে ।

উক্ত বিক্রীত সম্পত্তি হইতে বাহির হইয়া পঞ্চাননতলা রোড নামক মিউনিসিপ্যাল রাস্তায় পড়িবার জন্য এই বিক্রীত জমির দক্ষিণ পার্শ্ব দিয়া যে ৮´ আট ফিট প্রশস্ত আমার দেওয়া কমন প্যাসেজ আছে উহা এবং পূর্ব পার্শ্বে ১২´ বার ফিট প্রশস্ত কমন প্যাসেজ আছে উহা আপনি আপনার প্রয়োজন মত সদা সর্বদা ব্যবহার করিতে পারিবেন । প্রয়োজন বোধে ইলেকট্রিক্ লাইট্, ইলেকট্রিক কেবল্ ,আণ্ডার গ্রাউণ্ড ড্রেণ ,আণ্ডার গ্রাউণ্ড জলের পাইপ ইত্যাদি লইতে পারিবেন তাহাতে কেহ কোনরূপ ওজর আপত্তি করিলে তাহা অগ্রাহ্য ও বাতিল গণ্য হইবে ।

আরও প্রকাশ থাকে যে, উক্ত বিক্রীত জমির পূর্ব পার্শ্বস্থিত যে ১২´ বার ফিট প্রশস্ত কমন প্যাসেজ আছে উক্ত কমন প্যাসেজ অদ্যাবধি কমপ্লিট হয় নাই উক্ত রাস্তা আমি অদ্য হইতে এক মাসের মধ্যে মাল বোঝাই ভারী লরী চলার উপযুক্ত রাস্তা কমপ্লিট করিয়া দিব যদি না দিই বা টালবাহানা করি তবে তাহাতে আপনার যাহা ক্ষতি হইবে উক্ত ক্ষতি পূরণ করিতে বাধ্য থাকিলাম ও করিব । আপনার খরিদা জমির পশ্চিম পার্শ্বে ও সুকুমারী চ্যাটার্জির খরিদা জমির পূর্ব পার্শ্বে অর্থাৎ আপনাদের উভয় পক্ষের খরিদা জমির মধ্যস্থিত যে ৮´ আট ফিট প্রশস্ত প্রাইভেট প্যাসেজ দেওয়া হইল ও উক্ত প্রাইভেট প্যাসেজটি মাত্র আপনারাই অর্থাৎ আপনি অত্র কোবালা গ্রহীতা এবং

এবং সুকুমারী চাটার্জি উভয়েই ব্যবহার করিতে পারিবেন ইহা ছাড়া অন্য আর কেহই ব্যবহার করিতে পারিবে না বা করিবে না। এতদার্থে সুস্থ শরীরে, স্বেচ্ছায়, সরল অন্তঃকরণে, অন্যের বিনানুরোধে অত্র কোবালা দলিলের মর্ম সম্যক রূপে জ্ঞাত হইয়া পণের সমুদয় টাকা নিম্ন রায় মোতাবেক আপনার নিকট হইতে এক কালিন নগদ বুঝিয়া পাইয়া আপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি অদ্য সন ১৯৭৩ সালের ২৮শে জুলাই মোতাবেক বাংলা সন ১৩৮০ সালের ১২ই শ্রাবণ —

তপশীল বিক্রীত সম্পত্তি ও চৌহদ্দি ঃ-

জেলা ২৪ পরগণা, থানা বেহালা, সাবরেজেষ্ট্রী আলিপুরের এলেকাধিন সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর অন্তর্গত জেলা ২৪ পরগণা কালেক্টারির ২৩৯নং তৌজি ভুক্ত পরগণে মাগুরা, মৌজা হরিদেবপুর, জেঃ এলঃ নং ২৫, রেঃ সাঃ নম্বর ৩৫, উক্ত মৌজার গত জিলা জরিপের ৪৯১নং চারিশত একানব্বই নম্বর খতিয়ান লিখিত ৮ আট নম্বর দাগের জমির আমার আদালতের যোগে পার্টিশান সূত্রে প্রাপ্ত ১।০,।৩১ স্কোয়ার ফিট জমির মধ্য হইতে অত্র সাথ - দাখিলী নকসায় লাল রংয়ের বর্ডার দ্বারা চিহ্নিত ও সীমাবদ্ধ, বাংলা মাপের কমবেশ /৩।,৩৫ তিন কাঠা ছয় ছটাক পঁয়ত্রিশ স্কোয়ার ফিট জমিই অত্র - কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। মূল্য বেলমেন্টিং ৭০০০, সাত হাজার -

সাত হাজার টাকা মাত্র । স্বত্ত সাবেক নিষ্কর ব্রহ্মত্তর স্বত্ত হাল রায়ত দখলি স্বত্ত – হাল মালিক পশ্চিম বঙ্গ সরকার । ইহার কোন শরিক নাই । ঐ সম্পত্তি – বিক্রয়ের অধিকার একমাত্র আমারই আছে । ইহার মিউনিসিপ্যাল হোল্ডিং নম্বর ২২, পঞ্চাননতলা রোড, পশ্চিম পুটিয়ারী, ওয়ার্ড নম্বর ১৮ ।

চৌহদ্দি ঃ –

উত্তর ঃ – পাঁচকড়ি চ্যাটার্জির বাড়ী ও জমি ।

পূর্ব ঃ – মুক্তিধর ব্যানার্জির জমি ।

দক্ষিণ ঃ – [illegible] ।

পশ্চিম ঃ – ৮ ফুট চওড়া প্রাইভেট প্যাসেজ ও পরে সুকুমারী চ্যাটার্জির খরিদা জমি

পরিমান /৩।/৩৫ তিন কাঠা ছয় ছটাক পঁয়ত্রিশ স্কোয়ার ফিট – জমি ।

প্রকাশ থাকে যে, অত্র সাথ দাখিলী নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে ।

টাকার জমা ঃ –

টাকার জায় ঃ -

১০০্ টাকার নোট ৭০ কেতা - ৭০০০্ টাকা

মবলগে সাত হাজার টাকা মাত্র।

Parbati Banerji

Parbati Banerji

ইসাদি ঃ -

Sukumari Chatterjee

Gopal ch. Mukherjee
42. Bungo Road

Mani Lal Das 22, Panchanan Tala Rd, Cal. 41

রেজিঃ/টাইপকারক,
আলিপুর জজকোর্ট।

Sub-Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas.

Book No. I
Volume No. 83
Pages 204 to 210
Being No. 3540
for the year 19 23

Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas.
13/8/23


ORIGINAL

PLAN SHOWING THE LAND AREA- 3COT.- 6CH.- 35SFT. AT MOUJA HARIDEVPUR, PART OF C.S. PLOT NO. 8, J.L. NO. 25, R.S. NO. 35, KHATIAN NO. 491, P.S. BEHALA, DISTRICT- 24 PARGANAS,

SCALE - 20'-0" = 1" INCH

*Conveyed Land Shown in red border*

PURCHASER - SM. AVA RANI CHATTERJEE




DRAWN BY
GOPAL CHANDRA GHOSH
25/2A M.N. SEN LANE
CAL-40. D-24-7-73